মা দ ক দ্র ব্য নি য় ন্ত্র ণ অ ধি দ প্ত র

# মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন সংখ্যাঃ একাদশ বর্ষঃ প্রথম নভেম্বর ২০০৫

# রাজধানীতে বিপুল পরিমান ফেনসিডিল উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের একটি টীম গোপন সংবাদের ভিত্তিতে গত ১ অক্টোবর দুপুর ১ টায় ঢাকা মহানগরীর খিলগাঁও থানাধীন ৩৬৭, পূর্ব রামপুরা এলাকায় অভিযান চালিয়ে মোঃ আল-আমিন, মোছাঃ রিতা বেগম (৩৫), মোঃ তাইজুল ইসলাম ও খায়রুন নেছাদের বসতঘর থেকে ১০৮৫ (এক হাজার পঁচাশি) বোতল কোডিনের মিশ্রণ (ফেনসিডিল) ও প্লাষ্টিকের জারে ৫ (পাঁচ) লিটার তরল (লুজ) কোডিনের মিশ্রণ (ফেনসিডিল) উদ্ধার করে এবং তাদেরকে গ্রেফতার করে। এ ঘটনায় উক্ত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় স্থানীয় খিলগাঁও থানায় পৃথক দুইটি মামলা দায়ের করা হয়েছে।

অন্যদিকে গত ১৮ অক্টোবর দুপুর ২ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের সদস্যরা ঢাকার সবুজবাগ থানাধীন গোপীবাগ সুইপার কলোনী সংলগ্ন টিটিপাড়া বস্তির একটি ঘরের ভিতরে গোপন সুড়ংগ পথ থেকে ২২ (বাইশ) বস্তায় মোট ১,১০০ (এক হাজার একশত) বোতল ফেনসিডিল উদ্ধার করে। এতে মোঃ ইলিয়াস (২৫) নামক এক যুবককে গ্রেফতার করা হয় এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ এর আওতায় সবুজবাগ থানায় একটি মামলা রুজু হয়।



ঢাকার রামপুরা থেকে ১০৮৫ বোতল ফেনসিডিলসহ আটককৃত আল-আমিন, রিতা বেগম,তাইজুল ও

## অক্টোবর/০৫ মাসের আলামত ভিত্তিক মামলা ও আসামীর পরিসংখ্যান

অক্টোবর/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তল্লাশী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতারে বেশ তৎপর ছিল। অক্টোবর/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৫৭৮ টি এবং আসামীর সংখ্যা ৬৫২ জন। অধিদপ্তরের অক্টোবর/০৫ মাসের আলামতভিত্তিক মামলা,আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলো।

| মাদকদ্রব্যের নাম | মামলার সংখ্যা | আসামীর সংখ্যা | মাদকদ্রব্যের পরিমাণ |
|---|---|---|---|
| হেরোইন | ৮৯ | ১১২ | ১.৩৯২ কেজি |
| গাঁজা | ১৭৩ | ১৮১ | ১৪১.৩২৮কেজি |
| গাঁজা গাছ | | | ৭৯ টি |
| অবৈধ চোলাই মদ | ১৭৬ | ১৯৬ | ২২৮০ লিটার |
| বিদেশী মদ | ২০ | ২০ | ১৩৫ বোতল |
| বিয়ার | ১ | ১ | ৭৯ ক্যান |
| রেক্টিফাইড স্পিরিট | ১২ | ১২ | ৪৯১১ লিটার |
| ডিনেচার্ড স্পিরিট | ১১ | ১২ | ১৪৭ লিটার |
| ফেন্সিডিল | ৮৮ | ১০২ | ৫৭৬৩ বোতল |
| ফেন্সিডিল | | | ৬৬ লিটার |
| পেথিডিন | ৩ | ৭ | ১৬ এ্যাম্পুল |
| টি.ডি.জেসিক ইঞ্জেকশন | ১ | ৩ | ৩১৮০ এ্যাম্পুল |
| কোডিন ট্যাবলেট | ১ | ২ | ৩০০ টি |
| জাওয়া | ২ | ৩ | ১২৩৮৯ লিটার |
| বনোজেসিক ইঞ্জেকশন | ১ | ১ | ৩০৭ এ্যাম্পুল |
| নগদ অর্থ | | | ১৭৩৫৭৪ টাকা |
| প্রাইভেট কার | | | ২ টি |
| সিএনজি | | | ১ টি |
| মোট | ৫৭৮ | ৬৫২ | |

## ময়মনসিংহে টাস্কফোর্সের অভিযানে ৩ টন চোলাইমদ ও দেড় লক্ষাধিক টাকা উদ্ধার

গত ২৭ অক্টোবর দুপুরে ময়মনসিংহ জেলা টাস্কফোর্স শহরতলীর শম্ভুগঞ্জস্থ ঋষিপাড়ায় অভিযান চালিয়ে ৩ টন চোলাইমদসহ নগদ ১ লাখ ৬৩ হাজার টাকা উদ্ধার করেছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ময়মনসিংহ উপ-অঞ্চলের উপ-পরিচালক, ২ জন ম্যাজিষ্ট্রেট, পুলিশ ও বিডিআরের সদস্য সমন্বয়ে গঠিত টাস্কফোর্স এ অভিযান পরিচালনাকালে রতন ঋষির ঘর থেকে বিভিন্ন পাত্রে রাখা ৩ টন চোলাইমদ ও মদ বিক্রিত ১ লাখ ৬৩ হাজার টাকা উদ্ধার করে। টাস্কফোর্সের অভিযানের সংবাদ পেয়ে রতন ঋষি ও তার সহযোগীরা পালিয়ে যায়।

## মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

অক্টোবর/০৫ মাসে ৪টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৪৩০ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তঃর্বিভাগে ৬১জন চিকিৎসা সেবা এবং বহিঃর্বিভাগে ৩২২ জন চিকিৎসা সেবা সম্পর্কে পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। নিম্নে অক্টোবর মাসে সরকারীভাবে প্রদত্ত চিকিৎসা সেবার একটি সারণি উপস্থাপন করা হলো ।

| কেন্দ্রের নাম | অন্তঃ র্বিভাগ | বহিঃ র্বিভাগ | মোট | নতুন | পুরাতন |
|---|---|---|---|---|---|
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা | ৪৬ | ১৮৩ | ২২৯ | ১১২ | ১১৭ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর | ১০ | ৭৩ | ৮৩ | ৩৯ | ৪৪ |
| কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা | ৫ | ৬৫ | ১১৭ | ২৮ | ৮৯ |
| মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম | ০ | ১ | ১ | ১ | ০ |
| মোট | ৬১ | ৩২২ | ৪৩০ | ১৮০ | ২৫০ |

## সম্পাদকের কথা

তরুণ মাত্রই কৌতূহল প্রিয়। কৌতূহল থাকা ভাল। কিন্তু সব বিষয়ে কৌতূহল ভাল না। কখনও কখনও এটি তাদের জন্য বড় ক্ষতির কারণ হয়ে উঠতে পারে। মাদকদ্রব্য খারাপ জেনেও-'একবারইতো খাবো, কোন সমস্যা হবে না' এরূপ দূর্নিবার যুক্তি তার কাছে প্রশ্রয় পেয়ে যায়। অবুঝ তরুণ এভাবেই পা বাড়ায় নেশার জগতে। নেশার সুন্দর আমেজ বার বার তাকে হাত ছানি দিতে থাকে। তখন আবারও ঐ যুক্তি-'আর একবারইতো খাব, আমার যথেষ্ট আত্মবিশ্বাস আছে, সমস্যা হবে না'। ব্যাস, এভাবে বার বার নিতে নিতে একসময় নিজের অজান্তেই নেশার জালে আটকে পড়ে আত্মবিশ্বাসী সেই তরুণটি। তখন কৌতূহলকে উসকে দিতে তার কাছে খাড়া হয় নানা মিথ্যা ও অপযুক্তির খতিয়ান। 'নেশা উৎসবের আমেজকে উপভোগ্য করে তোলে'; 'সুরের রং আছে, নেশা নিলে দেখা যায়'; 'নেশা ছাড়া গানতো জমেই না'; 'ট্যাবলেট, ফেনসিডিল, গাঁজা, বিয়ার বা মদ হালকা নেশা মাঝে মধ্যে এগুলো খেলে সমস্যা নাই'; 'নেশা নিয়ে ভাল সেক্স করা যায়'; 'স্মার্ট আর স্পিডি মনে হয়'; 'পুরুষ মানুষ একটু আধটু নেশা করেই'। এ অযুক্তিক যুক্তিগুলি তার কাছে গুরুত্ব পেয়ে বসে। যৌক্তিক যুক্তিগুলি তার কাছে আর স্থান পায়না। তাদেরকে একটু ভেবে দেখতে হবে, জীবনকে উপভোগ করার জন্য নেশার সত্যিই প্রয়োজন আছে কি? প্রকৃত পক্ষে নেশার স্বপক্ষে একটি যুক্তিও খুঁজে পাওয়া যাবেনা। এসব কল্পকথার ছেঁদো প্রলোভনে সে যাতে জড়িয়ে না পড়ে সে বিষয়ে তরুণদেরকে সচেতন করে তুলতে হবে। তাদের মধ্যে থেকে এ সমস্ত কৌতূহল ঝেড়ে ফেলতে হবে। তাদেরকে বুঝাতে হবে নেশা মানব কল্যাণের পথে অন্যতম অন্তরায়, দেশ তথা সাড়া বিশ্বের জন্য তা অন্যতম সমস্যা। এ সমস্যা মোকাবিলার জন্য তাকেই এগিয়ে আসতে হবে। অগ্রনী সেনানীর ভূমিকা পালন করতে হবে । এর কড়াল গ্রাস থেকে রক্ষা করতে হবে নিজকে, নিজের পরিবার তথা সমাজকে, দেশ তথা বিশ্ববাসীকে। আর সে জন্য সব সময়ই নেশার প্রতি 'না' ব্রত নিয়ে এগিয়ে যেতে হবে তাকে।

## আইন-আদালত

অক্টোবর /০৫ মাসে মোট ১৭০ টি মামলা নিস্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ৯২ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ৭১ টি এবং অন্যান্যভাবে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৭ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যাা ১০৩ জন এবং খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা ৭৯ জন। অক্টোবর/০৫ মাস পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ২৮৬০৫ টি ।

| ক্রঃ নং | উপ-অঞ্চলের নাম | সাজপ্রাপ্ত মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা | খালাসপ্রাপ্ত মামলার সংখ্যা | খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা | সেপ্টেম্বর/০৫ পর্যন্ত অনিস্পত্তিকৃত মামলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৩৬ | ৪১ | ৮ | ৮ | ৪৪২৪ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৪ | ৪ | ৭ | ৯ | ২৬৮৫ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ০ | ০ | ৫ | ৫ | ১৯১১ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ২ | ৩ | ৬ | ৮ | ৪৩৯ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ১ | ১ | ২ | ২ | ৪৫২ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৪১৪ |
| ৭ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৮ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৬ | ৮ | ২ | ২ | ২২০৫ |
| ৯ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৬৯২ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৩৭১ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২ | ৪ | ২ | ২ | ১৪৩৫ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৫১১ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ১২০ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৫ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৬৬ |
| ১৬ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ২৯৯ |
| ১৭ | সিলেট উপ-অঞ্চল | ১ | ১ | ৭ | ৭ | ১৯৪৯ |
| ১৮ | খুলনা উপ-অঞ্চল | ৪ | ৪ | ১০ | ১০ | ৬৮৮ |
| ১৯ | যশোর উপ-অঞ্চল | ৬ | ৭ | ১ | ১ | ৮৯৬ |
| ২০ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ৮ | ৮ | ৪ | ৪ | ৬৪৫ |
| ২১ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ৮৪ |
| ২২ | বরিশাল উপ-অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ২৪৫ |
| ২৩ | পটুয়াখালী উপ-অঞ্চল | ২ | ২ | ০ | ০ | ৬৬ |
| ২৪ | রাজশাহী উপ-অঞ্চল | ৪ | ৪ | ৪ | ৪ | ২৮৩০ |
| ২৫ | পাবনা উপ-অঞ্চল | ৩ | ৩ | ১ | ১ | ১২৮৬ |
| ২৬ | বগুড়া উপ-অঞ্চল | ৪ | ৪ | ১ | ১ | ১০২৫ |
| ২৭ | রংপুর উপ-অঞ্চল | ৫ | ৫ | ৫ | ৮ | ১৪২৬ |
| ২৮ | দিনাজপুর উপ-অঞ্চল | ৪ | ৪ | ৬ | ৭ | ১১৯৮ |
| ২৯ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ০ | ০ | ০ | ০ | ২৩৮ |
| | সর্বমোটঃ | ৯২ | ১০৩ | ৭১ | ৭৯ | ২৮৬০৫ |

## নিরোধ শিক্ষা কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর বিশেষ গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মাঠ পর্যায়ে নিরোধ শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। অধিদপ্তরের বিভিন্ন উপ-অঞ্চল অক্টোবর/০৫ মাসের প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী তুলে ধরা হলো।

১. শিক্ষাঙ্গন কর্মসূচী - ২৩ টি।
২. মাইকিং- ২০ টি।
৩. প্রামাণ্য চিত্র/সিডি প্রদর্শন- ৩ টি।
৪. মাদকবিরোধী আলোচনা সভা- ৩০০ টি।
৫. পোস্টার বিতরণ- ১০১০ টি।
৬. স্টিকার বিতরণ- ২৮০ টি।
৭. লিফলেট বিতরণ ৭৫০ টি।



রাজধানীর টিটিপাড়া বস্তি থেকে ১,১০০ বোতল ফেন্সিডিলসহ আটককৃত ইলিয়াস

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক অক্টোবর/০৫ মাসের মামলার পরিসংখ্যানঃ

| ক্র/নং | উপ-অঞ্চলের নাম | দায়েরকৃত মামলার সংখ্যা | আসামীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ঢাকা-মেট্রো উপ-অঞ্চল | ৬০ | ৬৪ |
| ২ | ঢাকা উপ-অঞ্চল | ৪৫ | ৭১ |
| ৩ | ময়মনসিংহ উপ-অঞ্চল | ৩৫ | ৩৭ |
| ৪ | ফরিদপুর উপ-অঞ্চল | ১৫ | ১৬ |
| ৫ | টাংগাইল উপ-অঞ্চল | ৯ | ১১ |
| ৬ | জামালপুর উপ-অঞ্চল | ৮ | ৮ |
| ৭ | চট্রগ্রাম-মেট্রো উপ-অঞ্চল | ৪২ | ৪০ |
| ৮ | চট্রগ্রাম উপ-অঞ্চল | ১৯ | ১৮ |
| ৯ | সিলেট উপ-অঞ্চল | ৪২ | ৪৮ |
| ১০ | নোয়াখালী উপ-অঞ্চল | ১৪ | ১৪ |
| ১১ | কুমিল্লা উপ-অঞ্চল | ২৩ | ১৮ |
| ১২ | কক্সবাজার উপ-অঞ্চল | ৫ | ২ |
| ১৩ | রাঙ্গামাটি উপ-অঞ্চল | ০ | ০ |
| ১৪ | খাগড়াছড়ি উপ-অঞ্চল | ২ | ০ |
| ১৫ | বান্দরবান উপ-অঞ্চল | ১ | ১ |
| ১৬ | খুলনা উপ-অঞ্চল | ২৮ | ২৯ |
| ১৭ | যশোর উপ-অঞ্চল | ২৭ | ২৬ |
| ১৮ | কুষ্টিয়া উপ-অঞ্চল | ১৩ | ১৩ |
| ১৯ | বরিশাল উপ-অঞ্চল | ৫ | ৭ |
| ২০ | পটুয়াখালী উপ-অঞ্চল | ১ | ২ |
| ২১ | রাজশাহী উপ-অঞ্চল | ৬৩ | ৮৮ |
| ২২ | পাবনা উপ-অঞ্চল | ১৮ | ১৮ |
| ২৩ | বগুড়া উপ-অঞ্চল | ১৭ | ১৫ |
| ২৪ | রংপুর উপ-অঞ্চল | ৩২ | ৩৫ |
| ২৫ | দিনাজপুর উপ-অঞ্চল | ২৪ | ২৪ |
| ২৬ | ঢাকা গোয়েন্দা অঞ্চল | ১৩ | ২৪ |
| ২৭ | রাজশাহী গোয়েন্দা অঞ্চল | ৭ | ৯ |
| ২৮ | চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল | ৯ | ১৩ |
| ২৯ | খুলনা গোয়েন্দা অঞ্চল | ১ | ১ |
| | সর্বমোটঃ | ৫৭৮ | ৬৫২ |

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।
টেলিযোগাযোগ ঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৯।